

২০১৯
বাংলা

এম. এ. প্রথম বর্ষ (DODL)

তৃতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘণ্টা

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

বিভাগ-ক

(উনিশ শতকের বাংলা কাব্য-কবিতা)

- ১। পঠিত পত্রগুলির আলোকে 'বীরাঙ্গনা কাব্য'-এর নামকরণের তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'নীলধ্বজের প্রতি জনা' পত্রিকায় আলোচনা করে দেখাও যে এখানে নাট্যরস বিশেষভাবে বিকশিত হয়েছে। ১৫

- ২। 'সারদামঙ্গল' কাব্য অনুসরণে কবির নিসর্গচেতনার স্বরূপ দৃষ্টান্তযোগে বুঝিয়ে দাও।

অথবা

'ত্রিবিধ বিরহে উন্মত্তবৎ' হয়ে কবি সারদামঙ্গল রচনা করেছিলেন। এই ত্রিবিধ বিরহ কী? সারদামঙ্গলে এই ত্রিবিধ বিরহের প্রকাশ উদাহরণসহ আলোচনা করো। ৩+১২=১৫

[পরের পাতায়]

- ৩। হেমচন্দ্রের কবিতাবলীতে দেশীয় ভাবনার অনুষ্ণ মুদ্রিত আছে — আলোচনা করো।

অথবা

'লজ্জাবতী লতা' কবিতাটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ প্রসঙ্গে গীতিকবি হেমচন্দ্রের কৃতিত্বের পরিচয় দাও। ১৫

বিভাগ-খ

(রবীন্দ্রসাহিত্য)

তিনটি প্রশ্নের উত্তর দাও :

- ৪। 'চিত্রা' কাব্যের প্রেম ও সৌন্দর্যচেতনা সম্পর্কে একটি সংক্ষিপ্ত আলোচনা করো।

অথবা

চিত্রার নাম কবিতায় 'বিচিত্ররূপিণী' ও 'অন্তরবাসিনীর' মধ্যে কবি যে যোগসূত্র রচনা করেছেন তা নিজের ভাষায় ব্যাখ্যা করো। ১৫

- ৫। 'রক্তকরবী' নাটকের নামকরণের বিবর্তনের ইতিহাস ও তাৎপর্য বিশ্লেষণ করো।

অথবা

'রক্তকরবী' নাটকে সঙ্গীতের ব্যবহার কেন বিশিষ্ট এবং গুরুত্বপূর্ণ তা ব্যাখ্যা করো। ১৫

৬। ‘আনন্দময়ী’ চরিত্র কোন্ অর্থে গোরার চেতনায় ‘তুমিই আমার মা, তুমিই আমার ভারতবর্ষ’ হতে পেরেছেন তা নিজের ভাষায় বুঝিয়ে দাও।

অথবা

চরঘোষণাপুরে গোরার অভিজ্ঞতা তার চরিত্রে গভীর অভিঘাত সৃষ্টি করেছে— বিশ্লেষণ করো। ১৫

৭। ‘কালান্তর’ গ্রন্থের পঠিত প্রবন্ধের নানামুখী চিন্তা সম্পর্কে আলোচনা করো।

অথবা

‘এই যুগ ইউরোপের সঙ্গে আমাদের গভীর সহযোগিতারই যুগ’ — ‘কালান্তর’ প্রবন্ধের প্রাসঙ্গিক অংশ অবলম্বনে রবীন্দ্রনাথের এই অভিমত কতদূর গ্রহণযোগ্য তা বিচার করো। ১৫

৮। ‘স্বীর পত্র’ গল্পটির গঠনগত সার্থকতা বিচার করো।

অথবা

তোমার পঠিত রবীন্দ্রনাথের শিলাইদহ পর্বের ছোটগল্পে নিসর্গভাবনার বিশিষ্টতা যেভাবে ব্যক্ত হয়েছে— তার পরিচয় দাও। ১৫